

## আইনে নারী ও শিশুর সুরক্ষা মিঠু ঘোষাল

- কোনও বিশেষ কাজে নিযুক্ত সমান শিক্ষিত, কর্মক্ষম নারী, পুরুষ সমান বেতন পাবেন।
  - মা-বাবার মধ্যে ডিভোর্স হয়ে গেলে সন্তান ৫ বছর বয়স পর্যন্ত মায়ের হেফাজতে থাকবে। তারপরে মা ও বাবার মধ্যে যাঁর কাছে সে নিরাপদে তথা ভালো থাকবে, তাঁর কাছেই তাকে রাখা হবে।
  - ডিভোর্সের পর মা দ্বিতীয়বার বিয়ে করলেও সন্তানের অধিকার তিনি পেতে পারেন।
  - বাবা উইল করে বঞ্চিত করে না গেলে বিবাহিতা/অবিবাহিতা মেয়ে বাবার সম্পত্তি পাবেন।
  - মৃত ব্যক্তির সম্পত্তি তাঁর স্ত্রী, সন্তান পাবেন।
  - বিধবা, উপার্জনহীন মাকে ছেলে/রোজগেরে মেয়ে খোরপোশ দিতে বাধ্য।
  - মৃত রোজগেরে ছেলে নিজের সম্পত্তি সন্তান, স্ত্রীকে উইল করে না গেলে তা তার মা পাবেন।
  - অবিবাহিতা মৃত মেয়ের সম্পত্তি মা পাবেন।
  - বিধবা, উপার্জনহীন শাশুড়ি পুত্রবধুর সম্পত্তি পাবেন।
- কোনও ব্যক্তি যদি কোনও মহিলার ওপর জোর করে শারীরিক ক্ষমতা প্রয়োগ করে বা মহিলার স্তন, নিতম্ব, উরু ইচ্ছাকৃত ভাবে স্পর্শ করে তাঁর স্ত্রীলতায় আঘাত হানে, তাহলে তা স্ত্রীলতা হানির অভিযোগ বলে গণ্য হয়।
- জনসমক্ষে কোনও মহিলাকে উদ্দেশ্য করে কোনও অশ্লীল আচরন করা, অশ্লীল, কুশ্রী অঙ্গ ভঙ্গী করা, নোংরা কথা বলা, অশ্লীল গান গাওয়া, অশ্লীল কবিতা বলা, আবৃত্তি করা শাস্তিযোগ্য অপরাধ।
  - কোনও মহিলাকে পর্ণোগ্রাফি/অশ্লীল ছবি, বই, চিরকুট দেখানো, পাঠানো দণ্ডনীয় অপরাধ।
  - মহিলার সম্মতি ব্যতিরেকে/ভয় দেখিয়ে সম্মতি আদায় করে/স্বামী বলে মিথ্যা পরিচয় দিয়ে/মহিলার মানসিক ভারসাম্যহীন অবস্থার/মাদক প্রভাবযুক্ত অবস্থার/সম্মতির পরিণাম বুঝতে অপারগ, এমন অবস্থায় তার সঙ্গে যৌন সংগম করলে তা ধর্ষণ বলে বিবেচিত হবে।
  - ১৬ বছরের কম বয়সী মেয়ের সঙ্গে, ১৫ বছরের কম বয়সী স্ত্রীর সঙ্গে, হাসপাতাল, জেল, অনাথ আশ্রম প্রভৃতি স্থানে পদ মর্ষাদার সুযোগ নিয়ে কোনও মহিলার সঙ্গে যৌন সংসর্গ করলে তা ধর্ষণ বলে বিবেচিত হবে।
  - কর্মক্ষেত্রে গায়ে হাত দেওয়ার চেষ্টা করা, যৌন সম্পর্ক স্থাপনের জন্য অনুরোধ করা, যৌন রসাত্মক মন্তব্য, রঙ্গ রসিকতা করা, অশ্লীল ছবি, বই দেখানো, কথা বলতে বলতে সারা দেহে চোখ বোলানো, টেবিলে অশ্লীল চিরকুট রাখা, করমর্দনের সময় প্রয়োজনের চেয়ে বেশী সময় ধরে হাত হাতে রাখা/চাপ দেওয়া, দেওয়াল, লিফটের গায়ে যৌন রসাত্মক মন্তব্য, ইঞ্জিতপূর্ণ ছবি ঐঁকে রাখা, একসঙ্গে খেতে যাওয়ার জন্য জোর করা, মহিলা কর্মীর যৌন জীবন নিয়ে আলোচনা/রটনা করা যৌন হেনস্থা বলে বিবেচিত হবে।

- মহিলাকে ভয় দেখিয়ে টাকা আদায় করা (ব্ল্যাকমেলিং) দণ্ডনীয় অপরাধ।
- শিশুর অধিকার- (১) নিরাপত্তার অধিকার (২) অধিকার সুনিশ্চিত করার অধিকার (৩) উন্নতি করার অধিকার (৪) বেঁচে থাকার অধিকার।
- কোনও নাবালককে তার নিজের ও তার অভিভাবকদের সম্মতি ব্যতীরেকে অপরিচিত কেউ অন্য কোথাও নিয়ে যাওয়ার অধিকারী নয়।
- ১৪ বছরের নীচে যাদের বয়স, তাদের শ্রমিক হিসাবে নিয়োগ করা যায়না। বিশেষ করে বিড়ি, চামড়া, বাজি কারখানায় ও অন্যান্য বিপজ্জনক কাজে তাদের নিয়োগ করা দণ্ডনীয় অপরাধ।
- গর্ভস্থ সন্তানের লিঙ্গ পরীক্ষা করা দণ্ডনীয় অপরাধ।
- মা রোগগ্রস্থ হলে বা অনিচ্ছুক হলে তাঁর সম্মতিক্রমে গর্ভপাত করানো যায়।
- সন্তান সম্ভবাকে কোনও মতেই ফাঁসী দেওয়া যায়না।
- সন্তানের জন্মদানের জন্য মা পান ৩ মাসের সবেতন ছুটি।
- জোর করে মায়ের সঙ্গে সন্তানের সম্পর্ক রাখতে না দেওয়া পারিবারিক আইন অনুসারে অপরাধ।
- পিতৃ পরিচয় অস্বীকার করার চেষ্টা পারিবারিক আইন অনুসারে অপরাধ।
- অবৈধ বিয়ে (হিন্দু আইন অনুসারে) থেকে জন্মানো সন্তানকেও তার বাবার সম্পত্তি থেকে বঞ্চিত করা যাবেনা।
- হিন্দু আইন অনুসারে নাবালকদের বিবাহ নিষিদ্ধ। মুসলিম আইন অনুসারে নাবালকদের অভিভাবকদের সম্মতিক্রমে নাবালকদের বিবাহ দেওয়া যায়।
- দণ্ডক নেওয়ার ক্ষেত্রে যিনি দণ্ডক নিচ্ছেন ও যাকে দণ্ডক নিচ্ছেন, উভয়ের মধ্যে বয়সের তফাৎ হওয়া উচিত ২১ বছরের।
- কারুর পুত্র সন্তান থাকলে তিনি কোনও শিশুপুত্রকে ও কারুর কন্যা সন্তান থাকলে তিনি কোনও শিশু কন্যাকে দণ্ডক নিতে পারবেননা।
- সন্তান প্রতিবন্দী বলে অভিভাবকরা তাকে সম্পত্তি থেকে বঞ্চিত করতে পারেননা।
- কোনও নাবালক অনিচ্ছাকৃত ভাবে কোনও অপরাধ মূলক কাজের সাথে জড়িয়ে পড়লে তার শাস্তি হয়না।
- কোনও নাবালক কোনও আইনগত বামেলায় জড়িয়ে পড়লে, তাকে অবজারভেশন হোম বা স্পেশাল কেয়ার হোমে রাখা হয় ও তার বিচার হয় 'জে.জে অ্যাক্ট- ২০০০' অনুসারে।

মিঠু ঘোষাল

গভর্নমেন্ট ইন্সটিটিউট হাউসিং এস্টেট

ব্লক - কিউ। ফ্ল্যাট নং - ১৩

বজবজ

কলকাতা - ৭০০১৩৭

পশ্চিমবঙ্গ